গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
প্রশাসন-১ উপশাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

## মাসিক সমন্বয় সভার কার্য বিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ০৫ ডিসেম্বর ২০২৪ খ্রি. |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের (জিএসবি) নভেম্বর, ২০২৪ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব আছে কিনা তা জানতে চান। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন জিএসবির কর্মকর্তাদের নিয়োগ সংক্রান্ত অক্টোবর, ২০২৪ খ্রি. মাসের আলোচনায় উল্লেখ করেছিলেন যে, বিসিএস পরীক্ষায় ভূতত্ত্ব/ভূ-পদার্থ বিষয়ে ননক্যাডার পদে যে সকল কর্মকর্তাদের নিয়োগ প্রদান করা হয় সেখানে ভূতাত্ত্বিক বিষয়ের উপর খুব বেশি নম্বর থাকে না, এক্ষেত্রে পিএসসির মাধ্যমে সরাসরি নিয়োগের ব্যবস্থা হলে পরীক্ষার্থীদের ভূতাত্ত্বিক বিষয়ের উপর যথেষ্ট যাচাই-বাছাইয়ের সুযোগ থাকে বিধায় সরাসরি নিয়োগের ব্যবস্থা করা যায় কি না তা ভেবে দেখার বিষয় উল্লেখ করেছিলেন যা কার্যবিবরণীতে সঠিকভাবে না আসায় এ সংক্রান্ত তার মতামত সংশোধন করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন। আর কোন মতামত বা সংশোধনী প্রস্তাব না থাকায় জনাব মোহাম্মদ আশরাফুল কামালের সংশোধীত বক্তব্যসহ সর্বসম্মতিতে গত ২৪-১০-২০২৪ তারিখে অনুষ্ঠিত অক্টোবর, ২০২৪ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় বলেন মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বর্তমান মাস হতে সমন্বয় সভায় শাখা ভিত্তিক আলোচনা করা হবে এবং সে মোতাবেক কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৪-১০-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| **ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনা** | | | |
| ৩.১। | ২০২৪-২০২৫ অর্থবছরের বহিরংগন সংক্রান্ত আলোচনায় জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখাপ্রধান, অপারেশন ও সমন্বয় বলেন, অতি বৃষ্টি ও বর্ষাজনিত কারণে বিলম্বিত বন্যার ফলে জিএসবি-এর জরিপ এলাকার অনেক অংশ পানিতে নিমজ্জিত থাকায় নমুনা সংগ্রহ এবং বহিরংগন কার্যক্রমে ব্যাঘাত ঘটার আশংকা বিভিন্ন শাখা থেকে গত সমন্বয় সভায় প্রকাশ করা হয়। এ পরিপ্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় এ সংক্রান্ত কমিটি ২০২৪-২০২৫ অর্থবছরে জিএসবি-এর বহিরংগন কর্মসূচীর পরিবর্তিত সময়সূচি প্রস্তুত করেছেন। | ক) পরিবর্তিত সময়সূচি অনুযায়ী বহিরংগন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| | **অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা** | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.২। | অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা হতে পরিবর্তিত সময়সূচি অনুযায়ী খনন কার্যক্রমের জন্য একটি দল আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৫ হতে বহিরংগনে যাওয়ার কথা রয়েছে। অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখার শাখা প্রধান জনাব মো: আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, বাংলাদেশের উত্তরাঞ্চলে একটি কূপ খননের লক্ষ্যে ড্রিলিং পয়েন্ট নির্ধারণের নিমিত্ত জিএসবি-এর ভূতাত্ত্বিক ও ভূ-পার্থিক দল একত্রে বসে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। গত বছরের কর্মসূচীর প্রাপ্ত ফলাফল নিয়ে সুবিধাজনক সময়ে তিনি মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন মর্মে জানান। তিনি আরো উল্লেখ করেন গেজেটভূক্ত পাথর কোয়ারিসমূহের পাথরের মজুদ, উত্তোলনের সময় নির্ধারণ সংক্রান্ত বিশেষ কর্মসূচীর আওতায় বর্তমানে ০৪ টি ভূতাত্ত্বিক দল বহিংগনে কাজ করছে। এছাড়া, ০১ টি ভূপদার্থিক দল ইতোমধ্যে ভূ-পদার্থিক সার্ভে কাজ সম্পন্ন করেছে। বহিরংগনে প্রাপ্ত ফলাফলের উপর জিএসবিতে প্রতিবেদন প্রস্তুতির করা চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি আরো জানান, জ্বালানি খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় সভায় সুনামগঞ্জ ও সিলেট জেলার কোয়ারিসমূহের উপর পরিচালিত কার্ক্রমের উপর ডিসেম্বর ২০২৪ মাসের মধ্যে প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণের জন্য বলা হয়েছে। | ক) কূপ খননের লক্ষ্যে ড্রিলিং পয়েন্ট নির্ধারণের কাজ **সম্পন্ন করতে হবে।**<br>খ) সিলেট ও সুনামগঞ্জ জেলার পাথর কোয়ারিসমূহের প্রাথমিক প্রতিবেদন ডিসেম্বর ২০২৪ মাসের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা এবং পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |

| | | | |
|---|---|---|---|
| | **স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা** | | |
| ৩.৩। | পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা বলেন, পরিবহন স্বল্পতার কারণে স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব শাখার ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখের বহিরংগন কর্মসূচীটি যথাসময়ে শুরু করা সম্ভব হবে না। তবে শিলাবদ্যা ও মণিকবিদ্যা শাখা হতে ০১ টি দল ইতোমধ্যে বহিরংগনে কার্যক্রম পরিচালনা করছে। দলটি ফিরে আসলেই স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব শাখার দলটি বহিরংগনে গমন করবে। মহাপরিচালক বহিরংগন কার্যক্রম শেষে বহিরংগন ফেরত দলগুলো তাদের বহিরংগন কর্মসূচীতে প্রাপ্ত ফলাফলের উপর কোন উপস্থাপনা প্রদান করে কি না তা জানতে চান। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা বলেন, বহিরংগন ফেরত দলগুলো তাদের বহিরংগন কর্মসূচীতে প্রাপ্ত ফলাফলের উপর প্রাথমিক প্রতিবেদন পেশ করে। চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়ার পূর্বে সে সম্পর্কে উপস্থাপনা প্রদান করেন। জনাব নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব), নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা জিএসবির সকল শাখার পরিচালিত কার্যক্রমের উপর মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে একটি সংক্ষিপ্ত উপস্থাপনার প্রস্তাব করেন। মহাপরিচালক মহোদয় বহিরংগন কার্যক্রম শেষে বহিরংগন ফেরত দলগুলোর প্রাপ্ত ফলাফলের উপর পরিচালিত উপস্থাপনায় উপস্থিত থাকার বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। | ক) বহিরংগন কার্ক্রম শেষে বহিরংগন ফেরত দলগুলোকে তাদের বহিরংগন কর্মসূচীতে প্রাপ্ত ফলাফলের উপর উপস্থাপনা প্রদান করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| | **নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা** | | |
| ৩.৪। | পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা বলেন, নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা পূর্ববর্তী বছরে পরিচালিত কর্মসূচী এবং প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কাজ করবেন বিধায় এ বছর এ শাখা হতে কোন বহিরংগন কর্মসচী রাখা হয়নি। নগর ও প্রকৌশল ভৃতত্ত্ব শাখার শাখা প্রধান জনাব মোহাম্মদ আশরাফুল কামাল. পরিচালক (ভৃতত্ত্ব). বলেন এ শাখা হতে ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএতে ০১ টি কর্মসচীর প্রস্তাব দেয়া হয়েছিল। এপিএ কমিটি তা বিবেচনায় রাখেনি। তিনি আরো বলেন গত অর্থ বছরে কমিল্লা শহর ও আশেপাশের এলাকায় পরিচালিত ৩৮টি বোরহোলের প্রাপ্ত ৮০০ স্যাম্পলের প্রায় ৪০০০ জিওটেকনিক্যাল টেস্ট ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। কিছ টেস্টের ক্যালকলেশন করতে হয় তাও করা হয়েছে। বর্তমানে ড্যাটাবেজে আপডেট করা হচ্ছে। আপডেট সম্পন্ন হলে বিশেষ সফটওয়্যারের সহযোগিতায় ইঞ্জিনিয়ারিং জিওলজিক্যাল এবং সাইসমিক হ্যাজার্ড ম্যাপ প্রস্তুত করা হবে। তিনি আরো উল্লেখ করেন গত বহিরংগন কর্মসচীর সাথে সংশ্লিষ্ট ০৩ জন কর্মকর্তা বর্তমান GICU প্রকল্পের সাথে সংশ্লিষ্ট থাকায় শাখার অন্যান্য কর্মকর্তাগণের মাধ্যমে উল্লিখিত কাজগুলো সম্পন্ন হচ্ছে। কর্মসচীর সাথে সংশ্লিষ্ট ০৩ জন কর্মকর্তাকে এ কাজে সহযোগিতার জন্য মহাপরিচালক মহোদয়ের সহযোগিতা কামনা করেন। পরিচালক. পরিকল্পনা ও বাস্তবায়ন বলেন. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যেখানেই সংযুক্ত থাকুন তাদেরকে পুর্ববর্তী প্রতিবেদন প্রণয়নের কাজ সম্পন্ন করতে হবে। | ক) বহিরংগন কাজের প্রতিবেদন সম্পন্ন করতে হবে।<br>খ) বহিরংগন কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট প্রতিবেদন প্রণয়নের কাজে সহযোগিতা করতে হবে। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। |
| | **পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা** | | |
| ৩.৫। | পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখার শাখা প্রধান জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, এ শাখা হতে ০১ টি দল যশোরের ভবদহ এলাকায় আগামী ২২ ডিসেম্বর ২০২৪ তারিখ বহিরংগন কর্মসূচী পরিচালনার জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করেছে এবং পূর্ববর্তী কর্মসূচীর প্রতিবেদন প্রণয়নের কাজ করছে। তিনি আরো বলেন, নরওয়েজিয়ান জিওটেকনিক্যাল ইন্সটিটিউট (এনজিআই) হতে জানানো হয়েছে যে, এনজিআই জিএসবিকে ০৪ টি আর্লিওয়ার্নিং সিস্টেম প্রদান করবে। এজন্য প্রয়োজনীয় 'বিন' নম্বরের জন্য তিনি অপারেশন ও সমন্বয় শাখার শাখা প্রধানসহ সংগ্রহণ কর্মকর্তার সাথে যোগাযোগ রাখছেন। প্রাপ্ত ০৪ টি আর্লিওয়ার্নিং সিস্টেম ০৪ টি হিলি ডিস্ট্রিক্ট-চট্টগ্রাম, রাংগামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান এলাকায় বসানো হবে। পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা বলেন, জিএসবির জন্য 'বিন' নাম্বার রিভাইজড করার লক্ষ্যে ইতোমধ্যে সংশ্লিষ্ট অফিসে পত্র প্রেরণ করা হয়েছে। | ক) আর্লিওয়ার্নিং সিস্টেম স্থাপন বিষয়ে এনজিআই-এর সাথে যোগাযোগ অব্যাগত রাখতে হবে। | পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা। |
| | **দূর অনুধাবন ও জিআই এস শাখা** | | |
| ৩.৬। | জনাব আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব), বলেন, পরিবর্তিত শিডিউল অনুযায়ী খনন কার্য শেষ হবার পরে আগামী এপ্রিল/মে ২০২৫-এ দূর অনুধাবন ও জিআইএস শাখা হতে বহিরংগন কর্মসূচী সম্পাদন করা হবে। | ক) যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | দূর অনুধাবন ও জিআই এস শাখা |
| | **ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারি ভূতত্ত্ব শাখা** | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৭। | পরিচালক, অপারেশন ও সমন্বয় শাখা বলেন, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা হতে ০১ টি দল আগামী আগামী ১৬ জানুয়ারি ২০২৫ সিলেট জেলার জৈন্তাপুরে ভূতাত্ত্বিক মানচিত্রায়ন কাজে অংশগ্রহণ করবেন। শাখা প্রধান জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, বর্ণিত সময়ে তার শাখা হতে বহিরংগনে যেতে সমস্যা নেই। তবে তিনি উল্লেখ করেন যে, তার শাখার উপপরিচালক (ভূতত্ত্ব) জনাব মোঃ হোসেন খসরু জিএসবির ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট রয়েছেন। এতে করে শাখার সার্বিক কাজে ব্যাঘাত ঘটছে। তাই তিনি জনাব মোঃ হোসেন খসরু, উপপরিচালক (ভূতত্ত্ব)-কে বহিরংগন ও প্রতিবেদন প্রণয়নের কাজের সুবিধার্থে নিয়োগ কার্ক্রম হতে অব্যাহতি প্রদানের সুপারিশ করেন। মহাপরিচালক বিষয়টি বিবেচনা করার আশ্বাস প্রদান করেন। | ক) যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা |
| | **উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা** | | |
| ৩.৮। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখার শাখা প্রধান জনাব মোঃ কামরুল আহসান পরিচালক (ভূতত্ত্ব) বলেন, খুলনা জেলার দাকোপ উপজেলায় মানচিত্রায়নের কাজে এ শাখা ০১ টি দল ০৮ জানুয়ারি ২০২৫ তারিখে বরিংগনে গমন করবেন। ইতোমধ্যে বেস ম্যাপ প্রস্তুতসহ অন্যান্য আনুসঙ্গি কাজ পরিচালনা করা হচ্ছে। তিনি তার শাখায় কাজের সুবিধার্থে নতুন ০১ জন সহকারী পরিচালক সংশ্লিষ্টকরণের অনুরোধ জানান। | ক) যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা |
| | **ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা** | | |
| ৩.৯। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখার শাখা প্রদান জনাব নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, আগামী ১৬ জানুযারি তার শাখা হতে ০১ টি দল বহিরংগনে যাওয়ার জন্য বেইজম্যাপ প্রস্তুতসহ অন্যান্য আনুসজ্ঞিক কাজ পরিচালনা করছে। এছাড়া একই সাথে বিগত বহিরংগন কর্মসূচীর ডাটা বিশ্লেষণ ও এনালাইসিস করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নের কাজ অব্যাহত রেখেছে। | ক) যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা |
| | **শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা** | | |
| ৩.১০। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখার শাখা প্রধান জনাব মোঃ নুরুল হক, উপরিচালক (ভূতত্ত্ব) বলেন, তার শাখা হতে ০১ টি দল ইতোমধ্যে সিলেটের গোয়াইনঘাট ও জৈন্তাপুরে নমুনা সংগ্রহের লক্ষ্যে বহিরংগনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছে। | ক) পরিকল্পনা অনুযায়ী বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা |
| | **অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা** | | |
| ৩.১১। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখার শাখা প্রধান ও পরিচালক (ভূ-পদার্থ) জনাব সাইফুর রহমান বলেন, ০৮ ডিসেম্বর ২০২৪ হতে ০১ মাসের জন্য নওগাঁ জেলার পোরসা সাপহার এলাকায় অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ পরিচালনার জন্য তার শাখার ০১ টি দল প্রস্তুতি গ্রহণ সম্পন্ন করেছে। কিন্তু দিনমজুর নিয়োগের আদেশ এখনো হয়নি। দিনমজুর নিয়োগের আদেশ এবং অন্যান্য লজিস্টিক সাপোর্ট পেলে দলটি বহিরংগনে গমন করবে। | ক) পরিকল্পনা অনুযায়ী বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা |
| | **ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা** | | |
| ৩.১২। | ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখার শাখা প্রধান জনাব ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূপদার্থ) বলেন, ভূপদার্থিক শাখায় ব্যবহৃত সচল যন্ত্রপাতিসমূহের গত সেপ্টেম্বর মাসে বহিরঙ্গনে পরীক্ষণ সম্পন্ন হয়েছে এবং ইতোমধ্যে একটি প্রতিবেদন জমা দেয়া হয়েছে। কিছু যন্ত্র পরোপুরি নষ্ট না হলেও আংশিক নষ্ট অর্থাৎ মেরামতযোগ্য যন্ত্রগুলোর দ্রুত মেরামত করা হলে সেগুলো আরো দীর্ঘ দিন ব্যবহার করা যাবে। প্রতিবেদনে এ বিষয়টি উল্লেখ করা হয়েছে মর্মে তিনি অবহিত করেন। তিনি আরো জানান, এ বছরের যন্ত্র পরীক্ষন কর্মসূচীতে নতুন নিয়োপ্রাপ্ত সহকারী পরিচালক (ভূপদার্থ)-গণকে যন্ত্রপাতি পরিচালনার উপর প্রশিক্ষন প্রদান করা হয়েছে। তাদেরকে জিওফিজিক্যাল ডাটা এনালাইসিসের উপর নিজস্ব এবং অধিদপ্তরের বাইরের প্রশিক্ষকগণের মাধ্যমে প্রশিক্ষন প্রদানের প্রয়োজনীয়তার কথা তিনি উল্লেখ করেন। এছাড়া বিভিন্ন সময়ে সংগৃহীত তথ্যগুলোর আর্কাইভিং করে গুছানোর কাজ চলমান রয়েছে বলে তিনি জানান। পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার পরিচালক জিএসবির প্রকাশণা ও প্রশিক্ষণ শাখার নিকট প্রস্তাবিত প্রশিক্ষণের চাহিদা প্রেরনের অনুরোধ জানান। মহাপরিচালক মহোদয় ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূপদার্থ) এর উপস্থাপিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে, পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় জানান এ বছরের বাজেটে যে অর্থ সংস্থান আছে তা দিয়ে FE-SEM ও X-RF মেরামতের পর অর্থ সাশ্রয় হলে অন্যান্য যন্ত্রপাতি মেরামতের উদ্যোগ নেয়া হবে। অন্যথায় পরবর্তী বছরে এ বিষয়ে অর্থ বরাদ্দের প্রস্তাব করা হবে। | ক) ভূপদার্থ বিষয়ক প্রশিক্ষনের প্রস্তাব প্রেরণ করতে হবে। | ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা |
| | **ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা** | | |
| ৩.১৩। | জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখার কোন প্রস্তাব প্রাথমিকভাবে এপিএতে অন্তর্ভুক্ত ছিলনা। গত অক্টোবরে **বহিরঙ্গন কর্মসূচি যাচাই-বাছাই কমিটি** একটি প্রস্তাবনা অন্তর্ভূক্ত করেছে। পরিবর্তিত সময়সূচি অনুযায়ী আগামী এপ্রিল/মে মাসে খনন কাজ শেষ হবার পরে গাড়ীসহ অন্যান্য লজিস্টিক সাপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বাহরঙ্গণ কাজটি সম্পন্ন করা হবে। | ক) মে ২০২৫-এ বহিরঙ্গণে কাজের জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা |
| | **বৈশ্লেষিক রসায়ন শাখা** | | |
| ৩.১৪। | বৈশ্লেষিক রসায়ন শাখার শাখা প্রধান, জনাব মোঃ রিয়াজুল ইসলাম তার শাখার কিছু যন্ত্রপাতির মেরামতের কথা উল্লেখ করেন। তিনি আরো বলেন তার গবেষণাগারে প্রেরিত সকল স্যাম্পলের এ্যানালাইসিস ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। এ শাখা হতে একটি দল নভেম্বর ২০২৪-এ বরিংগন কাজ সম্পন্ন করে সদর দপ্তরে যোগদান করেছে। বর্তমানে স্যাম্পল এ্যানালাইসিস ও প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। | ক) যথাসময়ে প্রতিবেদন প্রণয়ন সম্পন্ন করতে হবে। | বৈশ্লেষিক রসায়ন শাখা |
| | **খনন শাখা** | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১৫। | খনন শাখার শাখা প্রধান ও পরিচালক (খনন প্রকৌশল) বলেন, আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৫ এ খনন কার্যক্রম শুরু করার পরিকল্পনা রয়েছে। সে সময়ে খনন কাজ শুরু করতে হলে অতি দ্রুত ড্রিলিং পয়েন্ট নির্ধারণের প্রয়োজনীয়তা রয়েছে। তিনি বলেন, খনন কাজ শুরুর আগেই খননের স্থান প্রস্তুত এবং রিগসহ অন্যান্য খনন যন্ত্রপাতি সার্ভিসিং, পরিবহন ইত্যাদি সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত কিছু প্রশাসনিক কাজও সম্পন্ন করতে হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলকে পদক্ষেপ গ্রহনের বিষয়ে অনুরোধ জানান। | ক) খনন শুরুর পূর্বেই যথাযথ প্রস্তুতির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | খনন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ৪.১। | পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, বহিরঙ্গন কার্যক্রম পরিচালনা এবং কর্মকর্তা-কর্মচারিগণের অফিসে আসা-যাওয়ার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক গাড়ি না থাকায় গাড়ী ভাড়াকরনের জন্য প্রস্তাবনা ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ক) গাড়ি ভাড়া করা বিষয়ক প্রস্তাবনা অগ্রগতি মনিটর করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| ৪.২। | নিয়োগ সংক্রান্ত বিষয়ে পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, শুন্য পদে নিয়োগ কার্যক্রম অব্যাহত রয়েছে। চলমান ৩য় ও ৪র্থ শ্রেণির ৮১ জন কর্মচারী নিয়োগ বিষয়ে মন্ত্রণালয় হতে মতামত পাওয়া গিয়েছে। সে আলোকে ১০ ডিসেম্বর ২০২৪ তে ভাইবার কাজ শুরু করে এটকানা চালিয়ে দ্রুত ফলাফল প্রদান করা হবে। পিএসসিতে আইটি বিষয়ে ০২ জন কর্মকর্তার নিয়োগের বিষয়ে পিএসসি'র সাথে আলোচনা করা হয়েছে। তাদের নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। তাদের নিয়োগ সম্পন্ন হলে আইটি সংক্রান্ত জিএসবির সমাস্যার সুরাহা হবে বলে আশা কেরা যায়। বিভিন্ন বিসিএস হতে নিয়োগের জন্য পিএসসিতে জিএসবির চাহিদা প্রদান করা আছে। সেখান থেকেও আরো কয়েকজন করাকর্তার যোগদানের বিষয় প্রক্রিয়াধীন আছে। শুন্য পদে নিয়োগের জন্য ছাড়পত্র চেয়ে পুনরায় মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হবে। জনাব ড. সুলতানা নাসরিন নুরী, পরিচালক (ভূপদার্থ) বলেন, ইলেট্রনিক্স অফিসারের পদটি দীর্ঘ দিন শূন্য রয়েছে। কাজের সুবিধার্থে তিনি এ পদে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কথা বলেন। | ক) ৩য় ও ৪র্থ শ্রেণির চলমান ৮১ জন কর্মচারী নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>খ) শূন্য পদ সমূহে নিয়োগের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| **এপিএ সংক্রান্ত আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৫.১। | ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনায় অপারেশন ও সমন্বয় শাখার পরিচালক বলেন, গত সমন্বয় সভায় এপিএ সংক্রান্ত কর্মকান্ড এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়েছিল। তিনি আরো বলেন, প্রশিক্ষণ কর্মকান্ড কিছুটা স্থবির ছিল তবে পুনরায় তা পূর্ণোদ্যমে চালু হয়েছে। জনাব মোঃ নুরুজ্জামান সবুজ, উপপরিচালক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন যে, কর্মকর্তাদের বছর ব্যাপি প্রশিক্ষণের একটি শিডিউল রয়েছে। ইতোমধ্যে ৪র্থ শ্রেণির কর্মচারীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ২য় ও ৩য় শ্রেণির ০১ টি করে ব্যাচ সম্পন্ন হয়েছে। সহকারী এবং উপপরিচালকগণের জন্য ভূ-বৈজ্ঞানিক প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়া বিভিন্ন শাখার চাহিদার ভিত্তিতে কিছু বিশেষায়িত প্রশিক্ষণের কাজ ও চলছে। প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পুরচালক (ভূতত্ত্ব) জানান, বর্তমান বছরে জিএসবির কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণের বিষয়ে কোন পরিকল্পনা ছিলনা। তাই আর্থিক সংকুলানের বিষয়টি মাথায় রেখে ০২/০৩ জনকে বুনিয়াদি প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করা যেতে পারে। বুনিয়াদি প্রশিক্ষণ একটি অতীব গুরুত্বপূর্ণ উপাদান নিশেষ করে নবীন কর্মকর্তা/কের্মচারীদের জন্য তা বেশি প্রয়োজন। তাই আগমী অর্থ বছর থেকে বাজেটে অর্থের সংকুলান রেখে সে অনুযায়ী প্রশিক্ষণার্থী ঠিক করে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। মহাপরিচালক মহোদয় এ ধরনের প্রশিক্ষণের জন্য নতুন কর্মকর্তাদের মধ্য হতে প্রশিক্ষণার্থী মনোনয়ন করার জন্য বলেন। তিনি পরিচালক, উপপরিচালক এবং সহকারী পরিচালকদের সমন্বয়ে প্রকিউরমেন্ট এবং প্রজেক্ট ম্যানেজমেন্টের উপর প্রশিক্ষণ আয়োজনের নির্দেশণা প্রদান করেন। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, প্রকিউরমেন্ট বিষয়ের উপর ডিটেইল প্রশিক্ষণের যথেষ্ট অভাব রয়েছে। মহাপরিচালক মহোদয় পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি আয়োজিত প্রকিউরমেন্ট এবং ই-জিপি এর উপর কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য পর্যায়ক্রমে প্রেরণের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। এ বিষয়ে তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব জনাব মোঃ আকনুর রহমান-এর সাথে যোগাযোগ করার জন্য বলেন। এনএপিডি এধরনের প্রশিক্ষণ আয়োজন করে উল্লেখ করে তিনি এধরনের প্রশিক্ষণের জন্য এনএপিডির সাথেও যোগাযোগ করার জন্য বলেন। মহাপরিচালক মহোদয় এ পর্যন্ত দেশ-বিদেশে যে সকল কর্মকর্তা-কর্মচারী প্রশিক্ষণ গ্রহন করেছেন তাদের একটি ডাটাবেইজ তৈরি করার জন্য নির্দেশনা প্রদান করেন। ডাটাবেইজ অনুযায়ী পর্যায়ক্রমে কর্মকর্তা-কর্মচারীদের ইনহাউজ এবং বিভিন্ন ট্রেইনিং ইনস্টিটিউট এই দুই জায়গাতেই ধারাবাহিক প্রশিক্ষণ চালু রাখার নির্দেশনা প্রদান করেন। | ক) নবীন কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) প্রকিউরমেন্ট এবং প্রজেক্ট ম্যানেজমেন্টের উপর প্রশিক্ষনের আয়োজন করতে হবে।<br>গ। প্রশিক্ষণ ডাটাবেইজ প্রস্তুত করে পর্যায়ক্রমে সকল কর্মকর্তা-কর্মচারীদের ইনহাউজ এবং বিভিন্ন ট্রেইনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| **প্রকল্প সংক্রান্ত আলোচনা** | | | |
| ৬.১। | পরিচালক (ভূতত্ত্ব) অপারেশন ও সমন্বয় বলেন, Geo-Information for the Implementatin of Climate Change-Resilient Urbanization (GICU) শীর্ষক প্রকল্পের বিষয়ে নতুন প্রকল্প পরিচালক নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরো জানান ২৫-২৬ নভেম্বর ২০২৪ তারিখে প্রকল্পের অপারেশন এবং প্ল্যানিং ওয়ার্কশপ সম্পন্ন হয়েছে। গত অক্টোবরে 'Enhancement and Strengthening of Drilling Capability of Geological Survey of Bangladesh' ও 'জিএসবি'র ভূমিকম্প অবকাঠামো সক্ষমতা অর্জন' বিষয়ক প্রকল্পদুটি নিয়ে একটি ওয়ার্কশপ করা হয়েছে বলে তিনি জানান। জনাব মো: মহিরুল ইসলাম বলেন, গত ওয়ার্কশপ শেষে খনন সক্ষমতা বৃদ্ধি প্রকল্প এগিয়ে নিয়ে যাওয়ার কথা বলা হয়েছিল। মহাপরিচালক উল্লেখ করেন, বিভিন্ন বিদেশী সংস্থার সহযোগিতায় প্রকল্পটি করা যায় কী না সে বিষয়টি ভেবে দেখা যেতে পারে। | ক) পরিকল্পনা অনুযায়ী GICU প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | GICU প্রকল্পের টীম, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট কমিটি ও শাখাসমূহ। |
| ৬.২। | সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলায় জিওলজিক্যাল হেরিটেজের বিষয়ে জনাব মো: মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত) বলেন, চলমান পূর্ত এবং জমি অধিগ্রহণের বিষয়ে সরেজমিন পরিদর্শন করা হয়েছে। পূর্তকাজ প্রায় শেষের দিকে। ইলেকট্রিক লাইন টানা হয়েছে, তবে এখনো ট্যান্সফর্মার বসানো হয়নি। ডিপ টিউবওয়েল বসানো সম্পন্ন হয়েছে। বাউন্ডারির কাজ কিছু বাকী রয়েছে। সম্পূর্ণ কাজ শেষ হলে জিএসবির নিকট হস্তান্তর করা হবে। পানির নমুন নিয়ে এসে জিএসবির পরীক্ষাগারে পরীক্ষণের জন্য প্রেরণ করা হয়েছে। | ক) সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের জন্য চলমান পূর্তকাজ নিয়তমিত মনিটর করতে হবে। | জিওহেরিটেজ সংশ্লিষ্ট কমিটি। |
| ৬.৩। | **জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন,** বালু গবেষণা বিষয়ক একটি প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। মন্ত্রণালয় হতে ডিপিপি প্রস্তুত করে প্রেরণ করতে বলা হয়েছে। পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন বলেন, মন্ত্রণালয় এ প্রকল্পটিকে জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রায়োরিটিভূক্ত করেছে। অর্থনৈতিক ভূতত্ত্ব শাখাকে দ্রুত ডিপিপি তৈরি করে দাখিল করার জন্য ইতোমধ্যে অবহিত করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। | ক) ডিপিপি প্রস্তুত করে দাখিল করতে হবে। | অর্থনৈতিক ভূতত্ত্ব শাখা |

৭. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮-১২-২০২৪
এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.৪২০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। জিএসবির শাখা প্রধানগণ।
৩। প্রকল্প পরিচালক (GICU), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা , হিসাব উপশাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৫। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

১৮-১২-২০২৪
মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী
পরিচালক (ভূতত্ত্ব)